

সিলেবাস

শ্রেণি : দশম

বিষয় : বাংলা ২য় পত্র (নৈর্ব্যক্তিক + রচনামূলক)

বিষয় কোড : ১০২

নৈর্ব্যক্তিক : ১ম ও ২য় অধ্যায় (বোর্ড বই)

রচনামূলক : (রচনাসম্ভার বই)

১। ভাব সম্প্রসারণ : ১ থেকে ১০

২। সারমর্ম : ১ থেকে ১০

৩। সারাংশ : ১৬ থেকে ২৫

শ্রেণি : দশম

বিষয় : বাংলা ২য় পত্র (রচনামূলক)

বিষয় কোড : ১০২

সময় : ২৫ মিনিট

পূর্ণমান-২০

[বি:দ্র: ডান পাশ্বস্থ সংখ্যা পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষা-রীতির মিশ্রণ দূষণীয়।]

১। ক) সারমর্ম লেখ:

১০

আসিতেছে শুভদিন

দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা, শুধিতে হইবে ঋণ!

হাতুড়ি শাবল গাঁইতি চালায়ে ভাঙিল যারা পাহাড়,

পাহাড়-কাটা সে পথের দুপাশে পড়িয়া যাদের হাড়,

তোমারে সেবিত হইল যাহারা মজুর, মুটে ও কুলি,

তোমারে সেবিত যারা পবিত্র অঙ্গে লাগাল ধূলি;

তারাই মানুষ, তারাই দেবতা, গাহি তাহাদেরি গান,

তাদেরি ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান!

অথবা

খ) সারাংশ লেখ:

আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থ বা বিত্তের ওপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাবার নেশায় লক্ষ্যহীন প্রচণ্ড বেগে শুধু আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এই মূঢ়তাকে জয় করতে না পারে, তবে মনুষ্যত্ব কথাটাই লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌঁছেছে যেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই, এবার উঠবার সিঁড়ি না খুঁজলেই নয়। উঠবার সিঁড়িটা না খুঁজে পেলে আমাদের আত্মবিনাশ যে অনিবার্য তাতে আর কোনো সন্দেহ থাকে না।

২। যে কোন একটি ভাব-সম্প্রসারণ কর:

১০

ক) গ্রন্থগত বিদ্যা পর হস্তে ধন

নহে বিদ্যা, নহে ধন, হলে প্রয়োজন।

খ) স্বদেশের উপকারে নেই যার মন

কে বলে মানুষ তারে? পশু সেইজন।

শ্রেণি : দশম
বিষয় : বাংলা ২য় পত্র (নৈর্ব্যক্তিক)

বিষয় কোড-১০২

সময় : ৩০ মিনিট

পূর্ণমান-৩০

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :

১×৩০=৩০

১) কোন রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ এক বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে?

ক) চলিতরীতি খ) সাধুরীতি গ) কথ্যরীতি ঘ) প্রমিতরীতি

২) বাংলা ভাষায় প্রচলিত বিদেশি শব্দের ভাবানুবাদমূলক প্রতিশব্দকে কী বলে?

ক) মিশ্র শব্দ খ) পারিভাষিক শব্দ গ) যৌগিক শব্দ ঘ) আধাসংস্কৃত শব্দ

৩) 'রাজা-বাদশা'- কোন কোন শব্দ সহযোগে মিশ্র শব্দ হয়েছে?

ক) বাংলা + ফারসি খ) তৎসম + ফারসি

গ) অর্ধ-তৎসম + ফারসি ঘ) ইংরেজি + ফারসি

৪) 'কলম'- কোন প্রকার বিদেশি শব্দ?

ক) আরবি খ) ফারসি গ) হিন্দি ঘ) তুর্কি

৫) সাধিত শব্দ কত প্রকার?

ক) দুই প্রকার খ) তিন প্রকার গ) চার প্রকার ঘ) পাঁচ প্রকার

৬) বিভিন্ন অঞ্চলের উপভাষার কথ্যরীতি সমন্বয়ে শিষ্টজনের ব্যবহৃত ভাষা হচ্ছে-

ক) সাধুভাষা খ) চলিতভাষা গ) আঞ্চলিকভাষা ঘ) উপভাষা

৭) কারক, সমাস, বচন, লিঙ্গ ব্যাকরণের কোন অংশের আলোচিত হয়?

ক) ধ্বনিতত্ত্বে খ) রূপতত্ত্বে গ) বাক্যতত্ত্বে ঘ) অর্থতত্ত্বে

৮) বিভক্তিহীন নাম শব্দকে কী বলে?

ক) সাধিত শব্দ খ) প্রাতিপদিক গ) দেশি শব্দ ঘ) যৌগিক শব্দ

৯) প্রশাসনিক আরবি শব্দ নিচের কোনটি?

ক) কুরআন খ) ইসলাম গ) কিতাব ঘ) কিয়ামত

১০) 'রেঙেরা'-শব্দটি কোন প্রকার?

ক) পূর্তগিজ খ) ফরাসি গ) ফারসি ঘ) ওলন্দাজ

১১) নিচের কোন মিশ্র শব্দটি ফারসি + আরবি আদলে তৈরিকৃত শব্দ?

ক) হাট-বাজার খ) খ্রিষ্টাব্দ গ) টো-হিন্দি ঘ) পকেট-মার

১২) প্রত্যেক ভাষারই কয়টি মৌলিক অংশ থাকে?

ক) পাঁচটি খ) চারটি গ) তিনটি ঘ) দুইটি

১৩) ব্যাকরণ শব্দটি বিশ্লেষণ করলে হয়-

ক) ব্যা + √কৃ + র + ণ খ) বি + আ + কৃ + অন

গ) বি + আ + √কৃ + অন ঘ) ব্যা + আ + √কৃ + অন

১৪) বাক প্রত্যঙ্গজাত ধ্বনির সূক্ষ্মতম মৌলিক অংশ বা একককে কী বলে?

ক) ধ্বনি খ) বর্ণ গ) অক্ষর ঘ) ধ্বনিমূল

১৫) ভাষার পার্থক্য ও পরিবর্তন ঘটে কী ভেদে?

ক) দেশ, কাল, পরিবেশ খ) দেশ, কাল, স্থান

গ) পরিবার, সমাজ, রাষ্ট্র ঘ) কাল, পরিবেশ ও ব্যক্তি

১৬) ভাষাভাষী জনসংখ্যার দিক থেকে বাংলা পৃথিবীর কততম বৃহৎ মাতৃভাষা?

ক) দ্বিতীয় খ) তৃতীয় গ) চতুর্থ ঘ) পঞ্চম

১৭) বাংলা স্বরবর্ণে মৌলিক স্বরধ্বনি কয়টি?

ক) দুটি খ) চারটি গ) ছয়টি ঘ) সাতটি

১৮) কোন বর্ণগুলোর উচ্চারণস্থান অগ্র দন্ত্যমূল?

ক) ন, ল, স খ) শ, ষ, ঝ গ) য, র, ঢ ঘ) ম, ব, প

১৯) বাংলা বর্ণমালায় পরাশ্রয়ী বর্ণ কয়টি?

ক) ২ টি খ) ৩ টি গ) ৪ টি ঘ) ৫ টি

২০) এক অক্ষর বিশিষ্ট শব্দ সবসময়-

ক) হ্রস্ব হয় খ) দীর্ঘ হয় গ) হ্রস্ব হয় না ঘ) দীর্ঘ হয় না

২১) বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক বর্ণ কয়টি?

ক) ১১ টি খ) ২৫ টি গ) ৩৯ টি ঘ) ২টি

২২) 'এ' ধ্বনির বিবৃত উচ্চারণ কেবল শব্দের কোন অংশে পাওয়া যায়?

ক) শেষে খ) মধ্যে গ) আদিতে ঘ) আদি-অন্তে

২৩) নিচের কোনটি আদি 'অ' ধ্বনি সংবৃত?

ক) অরুণ খ) অজগর গ) অসময় ঘ) অনাহার

২৪) ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলা হয়?

ক) কার খ) ফলা গ) মাত্রা ঘ) কষি

২৫) ক থেকে ম পর্যন্ত ২৫ টি বর্ণের নাম-

ক) স্পৃষ্ট ধ্বনি খ) অন্তঃস্থ ধ্বনি গ) পার্শ্বিক ঘ) জিহ্বামূলীয় ধ্বনি

২৬) কোন ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপের আধিক্য থাকে?

ক) অল্পপ্রাণ ধ্বনি খ) অঘোষ ধ্বনি ঘ) মহাপ্রাণ ধ্বনি ঘ) শ্বাস ধ্বনি

২৭) কোন দুটি ঘোষ মহাপ্রাণ ধ্বনি?

ক) ক, চ খ) খ, ছ গ) গ, জ ঘ) ঘ, ঝ

২৮) পরের 'ই' কার ও 'উ' কার আগেই উচ্চারিত হওয়ার রীতিকে কী বলে?

ক) বিপ্রকর্ষ খ) স্বরাগম গ) অভিশ্রুতি ঘ) অপিনিহিতি

২৯) একটি স্বরধ্বনির প্রভাবে শব্দে অন্য স্বরধ্বনির পরিবর্তন ঘটলে তাকে কী বলে?

ক) স্বরলোপ খ) সমীকরণ গ) অন্তঃস্বরলোপ ঘ) স্বরসংগতি

৩০) বিষমীভবনের উদাহরণ কোনটি?

ক) গ্রাম) গেরাম খ) বিলাতি) বিলিতি গ) ধোবা) ধোপা ঘ) লাল) নাল